74

দৈনিক সংবাদ

তারিখ ...14 MAY 1995 ... ..
পৃষ্ঠা ৫ কলাম ৮

ফলো আপ

## কিশোরগঞ্জে ভুয়া পরীক্ষার্থীকে ১ বছরের সাজা দেয়া হয়েছে

কিশোরগঞ্জ, ১৩ই মে, (নিজস্ব সংবাদদাতা)।– কিশোরগঞ্জের একটি এস এস সি পরীক্ষা কেন্দ্র থেকে গ্রেফতারকৃত ভুয়া পরীক্ষার্থী আবদুল আজিজকে ১ বছরের সাজা দেয়া হয়েছে। প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট জালাল উদ্দিন আহম্মদ হোসেইন তাকে সংক্ষিপ্ত বিচারে এ সাজা প্রদান করেন।

আজিম উদ্দিন উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে গত ৬ই মে আবদুল আজিজকে গ্রেফতার করা হয়। কর্তব্যরত ম্যাজিস্ট্রেট অরুণ কুমার চাকমা তাকে চ্যালেঞ্জ করলে সে তাঁর স্বীকারোক্তিমূলক জবানবন্দিতে জানায় যে, সে নিজেকে বোরহান উদ্দিন পরিচয় দিয়ে এসএসসি পরীক্ষায় অংশ নেয় এবং ভূগোল ছাড়াই ৮টি বিষয়ের পরীক্ষা সম্পন্ন করে। তার বাড়ি হোসেনপুর থানার পিতলগঞ্জ গ্রামে।

উল্লেখ্য, কিশোরগঞ্জে ভুয়া পরীক্ষার্থী গ্রেফতার শিরোনামে গত ৮ই মে 'সংবাদ'–এ একটি খবর প্রকাশিত হয়।